গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-১ শাখা

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর-৪৬.০০.০০০০.০৮৩.২৭.০০৩.১৮- ২৫০

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৭ মে ২০২১

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব ফিরোজ আলম চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বত্য চট্টগ্রাম সার্কেল এর বিরুদ্ধে হবিগঞ্জ জেলার নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাবস্থায় "৩৭ জেলা শহরে পানি সরবরাহ" প্রকল্পের আওতায় হবিগঞ্জ পৌরসভায় পানি শোধনাগার স্থাপন কাজে-

(১) পয়েন্ট ওয়েল্ডিং এর ক্ষেত্রে ৫৮,৭৬০টি ওয়েল্ডিং এর জন্য ঠিকাদার কর্তৃক দাখিলকৃত মূল্য ৫৮,৭৬,০৫৮.৭৬ টাকার পরিবর্তে ১,১৯,৭৮,১১৯.৭৮ টাকা বিল প্রদান করা হয়েছে। এক্ষেত্রে ৬১,০২,০৬১.০২ টাকা অতিরিক্ত প্রদান করা হয়েছে;

(২) ল্যাপ ওয়েল্ডিং এর ক্ষেত্রে ১৩,৫৬০ টি ল্যাপ ওয়েল্ডিং এর জন্য ঠিকাদারের সাথে চুক্তিকৃত মূল্য ১৬,২৭,২১৩.৫৬ টাকার পরিবর্তে ৫২,৯৯,২৪৪.১৬ টাকা বিল প্রদান করা হয়েছে। এক্ষেত্রে ৩৬,৭২,০৩০.৬০ টাকা অতিরিক্ত প্রদান করা হয়েছে এবং

(৩) বালি ভরাটের ক্ষেত্রে ১২০ ঘঃ মিঃ এর জন্য ঠিকাদার কর্তৃক দাখিলকৃত মূল্য ৭,২০,০০০.১২ টাকার পরিবর্তে অতিরিক্ত কাজ দেখিয়ে ২,৮৬,৪৯,৫২৪.৭৭ টাকার সংশোধিত প্রাক্কলন উপস্থাপনের-

অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগে বিভাগীয় মামলা নং ০৩/২০১৯ রুজু করে তাঁর নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং তিনি যথাসময়ে তাঁর জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানী চান এবং তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়েরের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় স্থানীয় সরকার বিভাগের ১৮/০৯/২০১৮ তারিখের ২৮৪ নং অফিস আদেশ অনুযায়ী জনাব ফিরোজ আলম চৌধুরীকে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তদপ্রেক্ষিতে তাঁর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে সরকার পক্ষ ও অভিযুক্ত কর্মকর্তার প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় আনীত অভিযোগের বিষয়গুলো স্পষ্টীকরণের জন্য একই বিধিমালার ৭(২)(ঘ) বিধির বিধান অনুযায়ী দুই সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

যেহেতু, তদন্ত কমিটি গত ০৮/০১/২০২০ তারিখে ১৩৪৮ নং স্মারকের মাধ্যমে সরেজমিন তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুসারে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ দুইটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, একই বিধামালার বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ হতে অভিযুক্ত কর্মকর্তা জনাব ফিরোজ আলম চৌধুরীকে নির্দোষ সাব্যস্ত করে তাঁকে বিধি ৬(২) অনুযায়ী আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নং ০৩/২০১৯ নিস্পত্তি করা হলো। একইসাথে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্ত কালকে নিয়মিত কর্মকাল হিসেবে গন্য করা হলো। এজন্য তিনি বিধি মোতাবেক সকল বেতন-ভাতাদি প্রাপ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব

নম্বর-৪৬.০০.০০০০.০৮৩.২৭.০০৩.১৮- ২৫০/১(৫)

তারিখঃ জ্যৈষ্ঠ ১৪২৮ / মে ২০২১

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

০১. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

০২. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা, গেট-০৪), সেগুনবাগিচা, ঢাকা।

০৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)

০৪. জনাব ফিরোজ আলম চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বত্য চট্টগ্রাম সার্কেল।

০৫। অফিস কপি।

২৭/৫/২০২১

মোঃ কামাল হোসেন
উপসচিব

মুজিব ১০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৬.০৪৭.১৭- ৫২৬৩(১১)

তারিখ- ২৭/৫/২০২১ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

৩। জনাব মোঃ জহির উদ্দিন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম সার্কেল, কুমিল্লা। অতিরিক্ত দায়িত্ব হিসেবে আপনার নিকট রক্ষিত পার্বত্য চট্টগ্রাম সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দায়িত্বভার জনাব ফিরোজ আলম চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) এর নিকট হস্তান্তর করার জন্য বলা হলো।

৪। জনাব ফিরোজ আলম চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), পার্বত্য চট্টগ্রাম সার্কেল, চট্টগ্রাম। আপনাকে যথাস্থানে যোগদানপূর্বক পার্বত্য চট্টগ্রাম সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দায়িত্বভার জনাব মোঃ জহির উদ্দিন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) এর নিকট হতে গ্রহণ করার জন্য বলা হলো।

৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।

৭। প্রোগ্রামার, এম,আই,এস ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা।

৮। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি/সংস্থাপন শাখা, অত্র কার্যালয়, ঢাকা।

২৭/৫

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী